

কলেজে অশান্তি

►►**কাঁকসা:** কলেজের মালিকানা নিয়ে অশান্তি বাধল কাঁকসার পানাগড় গ্রামে। শুক্রবারের ঘটনা। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ওই গ্রামে একটি বেসরকারি ইঞ্জিনিয়ারিং ও ম্যানেজমেন্ট কলেজ রয়েছে। সেই কলেজ 'দখল' করতে এ দিন মালিকদের একটি পক্ষ এলে অপর পক্ষের সঙ্গে বচসা বেধে যায়। দু'পক্ষের মধ্যে মারামারিও হয় বলে অভিযোগ। পুলিশ এসে কলেজের গেটে তালা ঝুলিয়ে দিয়ে পরিস্থিতি স্বাভাবিক করে। পুলিশ জানায়, এ দিন রাত পর্যন্ত কোনও পক্ষই অভিযোগ করেনি। অবশ্য এ নিয়ে কোনও মন্তব্য করতে চায়নি কোনও পক্ষই।